

চাঁপাইনবাবগঞ্জ বিশ্ব দুগ্ধ দিবসে র্যালি

প্রকাশ | ০১ জুন ২০২৪, ২০:১২

চাঁপাইনবাবগঞ্জ জেলা
প্রতিনিধি



ছবি-যায়যায়দিন

চাঁপাইনবাবগঞ্জ বিশ্ব দুগ্ধ দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা হয়েছে। জেলা প্রশাসন ও জেলা প্রাণী সম্পদ অধিদপ্তর দিবসটি উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করেছে।

শনিবার (১ জুন) সকালে দিবসটি উদযাপন উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয় থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করে শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই জায়গায় এসে শেষ হয়।

পরে বৈশ্বিক পুষ্টিতে দুধ অপরিহার্য প্রতিপাদ্যে আলোচনা সভার আয়োজন করে। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক আহমেদ মাহবুব-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক এ কে এম গালিভ খাঁন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা পরিষদ চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মো. রুহুল আমিন, জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. গোলাম মোস্তফা, জেলা পশুসম্পদ অফিসার কবির আহমেদ, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. ইয়ামিন, জেলা ডেইরি এসোসিয়েশনের সভাপতি মুনজের আলম মানিক, নারী উদ্যোক্তা শরিফা খাতুন বেবিসহ অন্যান্যরা।

পরে দিবসটি উপলক্ষে রচনা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

অনুষ্ঠানে জেলার বিভিন্ন এলাকার খামারি, বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীরা জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

যাযাদি/ এম

সম্পাদকমন্ডলীর সভাপতি ও প্রকাশক : সাঈদ হোসেন চৌধুরী, **ভারপ্রাপ্ত সম্পাদক :** কাজী রুকুনউদ্দীন আহমেদ, প্রকাশক কর্তৃক এইচআরসি মিডিয়া ভবন, লাভ রোড, ৪৪৬/ই+এফ+জি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও যায়যায়দিন প্রিন্টার্স লিমিটেড থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৮৭ ০২০৮-১২ মোবাইল:: ০১৮৪১-০৪২৫৯৫
রিপোর্টিং : ৮৮৭-০২১৪ বিজ্ঞাপন : ৮৮৭-০২২৩ সার্কুলেশন : ৮৮৭-০২২৪ E-mail:
jajaidin24news@gmail.com; jajadi@jjdbd.com

© যায়যায়দিন কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি